76

দৈনিক বাংলা

তারিখ 13 JAN 1994

পৃষ্ঠা ৫ কলাম ৫

## কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষার জটিলতা

গত ৭-১২-৯৩ইং সন্ধ্যায় টিভিতে প্রচারিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অনুষ্ঠানে ডঃ মুজিবর রহমানের আলোচনায় কম্পিউটার পদ্ধতিতে এসএসসি/ এইচ-এসসি পরীক্ষার নিয়ম প্রসঙ্গে জানতে পারলাম। পরীক্ষায় যে SIF ফরম পদ্ধতির কথা বলা হয়েছে তাতে ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় অনেক জটিলতা বা অসুবিধা বেড়ে যাবে। SIF ফরমের প্রত্যেকটি ঘর ছাত্র-ছাত্রীদের পূরণ করতে কমপক্ষে বিশ মিনিট সময় ব্যয় হবে। তাতে তাদের অনেক বাড়তি ঝামেলা পোহাতে হবে। প্রত্যেকটি ঘর পূরণ করতে এভাবে যদি কোন ঘর বাদ পড়ে যায় তা'হলে ছাত্র-ছাত্রীদের জীবনে অন্ধকার নেমে আসবে। শুধু কম্পিউটার পদ্ধতির জটিলতার কারণে ভালো পরীক্ষার্থীদেরও পরীক্ষায় খারাপ করার সম্ভাবনা থাকবে প্রচুর। একমাত্র

### জনমত

কম্পিউটার পদ্ধতির কারণে পরীক্ষায় ফেল করা হলে পরীক্ষার্থীদের এবং অভিভাবকদের শুধু মানসিক কষ্টই বাড়বে না আর্থিক দিক দিয়েও তাদের ক্ষতিগ্রস্ত হতে হবে। অতএব পরীক্ষায় কম্পিউটার পদ্ধতির নিয়ম আরও সহজ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি অনুরোধ জানাচ্ছি।

খন্দকার শাহিনূর আক্তার
এসএসসি পরীক্ষার্থী, '৯৪
মাধবপুর হাই স্কুল
কুমিল্লা।